

চতুর্থাম রবিবার ১২ জুন ২০১১

দৈনিক পূর্বকোণ

রেজিঃ নম্বর-চ-৮৯।। ২৬তম বর্ষ ১১৮তম সংখ্যা।। ২৯ জ্যৈষ্ঠ ১৪১৮ বঙ্গাব্দ।। ৯ রজব ১৪৩২ হিজরি।। Sunday 12 June 2011।।



ভাসা ফাউন্ডেশনের সনদপত্র বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ১০নং ওয়ার্ডের কাউন্সিলর নিছর উদ্দিন আহমেদ অঞ্জু

ভাসা ফাউন্ডেশনের সনদপত্র বিতরণ

এনজিও সংস্থা ভাসা ফাউন্ডেশন গত ১১ জুন টি এসডি প্রকল্পের আওতায় হাতের কাজের উপর প্রশিক্ষণপ্রাপ্ত ১১৫ জন উপকারভোগীকে সনদপত্র প্রদান করে উত্তর কাটলী ময়ুরী কমিউনিটি সেন্টারে সনদপত্র বিতরণ অনুষ্ঠানে ১০নং ওয়ার্ডের কাউন্সিলর আলহাজ নিছরউদ্দিন আহমেদ, ৯, ১০ ও ১৩ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর আরজু সাহাবউদ্দিন, প্রিয়তোষ নন্দী, পরিমল কান্তি পাল, রাজু চৌধুরী ও শাহাবুদ্দিন বক্তব্য রাখেন।

১০নং ওয়ার্ডের কাউন্সিলর আলহাজ নিছরউদ্দিন আহমেদ বলেন, দরিদ্র ও হতদরিদ্র জনগোষ্ঠীকে সচ্ছল করতে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। আর প্রশিক্ষণ দক্ষতা বৃদ্ধির মূল হাতিয়ার।

উল্লেখ্য, ৯৬০০ জন উপকারভোগী সদস্যকে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যমাত্রা নিয়ে ভাসা ফাউন্ডেশনের টি এসডি প্রকল্প পরিচালিত হচ্ছে।